

		
		
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>		

নিম্নচাপের ক্ষতিকর প্রভাব থেকে রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

(সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, পিরোজপুর, বরিশাল, ঝালকাঠি, পটুয়াখালী, বরগুনা, ভোলা, নোয়াখালী, লক্ষীপুর, ফেনী, চট্টগ্রাম ও কক্সবাজার জেলার জন্য)

প্রকাশের তারিখ: ১৩/০৯/২০২০

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর (বিএমডি) এবং ভারতের আবহাওয়া অধিদপ্তরের (আইএমডি) তথ্য অনুযায়ী, মধ্য বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপটি নিম্নচাপে পরিণত হয়েছে। এই ক্ষেত্রে, উপকূলীয় অঞ্চলে উপরোক্ত জেলাগুলোতে ১৩-১৫ সেপ্টেম্বর ২০২১ এর মধ্যে মাঝারি ধরনের ভারী (Moderately heavy) থেকে ভারী (Heavy) বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এই পরিমাণ বৃষ্টিপাত এবং বাতাসের উচ্চ গতি দণ্ডায়মান ফসলের উপর ও ফসল চাষের উপর প্রভাব ফেলতে পারে। এই পরিস্থিতিতে, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে, নিম্নলিখিত জরুরি কৃষি-আবহাওয়া পরামর্শসমূহ প্রদান করা হলো:

- দুত আউশ ধান ও পরিপক্ক সবজি সংগ্রহ করুন এবং নিরাপদ স্থানে রাখুন।
- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন। জলাবদ্ধতা পরিহারের জন্য জমির চারপাশে নিষ্কাশন নালা তৈরি করুন।
- আমন ধানের জমির নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন জমিতে পানি জমে না থাকতে পারে।
- আমন ধানের জমির আইল উঁচু করে দিন।
- সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- কলা ও দণ্ডায়মান সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- আখের ঝাড় বেঁধে দিন।
- গবাদি পশু ও হাঁসমুরগী নিরাপদ ও শুকনো জায়গায় রাখুন।
- পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন অতিরিক্ত পানিতে মাছ ভেসে না যায়।



ড. মোঃ শাহ কামাল খান

প্রকল্প পরিচালক

মোবাইল নং- +৮৮০১৭১২ ১৮৪২৭৪